

144

**৯ই এপ্রিল হইতে
কলেজ শিক্ষক
কর্মবিরতি**

ইত্তেফাক রিপোর্ট ॥ দাবী
মানিয়া না গিলে সরকারী কলেজ
অধ্যাপক, প্রভাষক ও বিসিএস
সাধারণ শিক্ষা সমিতি ৯ই
এপ্রিল হইতে পূর্ণ কর্মবিরতি শুরু
করিবে। এ কর্মবিরতির মধ্যে
উচ্চমাধ্যমিক পরীক্ষা বর্ধনের
সিদ্ধান্ত গ্রহণ করা না করার
ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হইবে
২২শে মার্চ।

২রা ফেব্রুয়ারী শিক্ষা মন্ত্রীর
নিকট পেশকৃত স্মারকলিপিতে
তিনটি সমিতি ২০শে মার্চের
মধ্যে সরকারী কলেজে অনুমোদিত
প্যাটার্নে পদ সৃষ্টি শুরু ২০%
কোটা অবমুক্ত নয় শতাধিক পদ,
৫১টি সরকারী কলেজে প্রথম
পর্যায়ে ছয় শতাধিক পদে পদো-
ন্নতির জন্য ব্যবস্থা গ্রহণের দাবী
জানাইয়াছিলেন।